

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা (প্রথম ভাষা)

তৃতীয় শ্রেণি

### ১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(প্রতিটি প্রশ্নের মান - ২)

- ১.১ ‘গাঁয়ের লোক হাঁপ ছেড়ে বাঁচল।’ — কখন গাঁয়ের লোক হাঁপ ছেড়ে বাঁচল?
- ১.২ ‘জীবনভর’ শব্দের অর্থ কী? শব্দটি ব্যবহার করে একটি বাক্য রচনা করো।
- ১.৩ ‘এবার কী মনে করে?’ — এই প্রশ্নের উত্তরে শ্রোতা কী বলেছিলেন?
- ১.৪ ‘আমি তবে একশোটা দাঁড় আঁটি,  
পাল তুলে দিই চারটে পাঁচটা ছটা—’ — কেন কথক এমনটি করতে চায়?
- ১.৫ ‘সেক্সটান্ট’—এর কাজ কী?
- ১.৬ ‘পর্যটন’ কবিতায় মহেশ দাসের গম্ভব্য কোথায়?
- ১.৭ ‘এমনকি বুড়ো লোকের উপকারেও আসত গাছেরা।’ — গাছেরা কীভাবে বুড়ো লোকের উপকারে আসত?
- ১.৮ ‘শানুর বাবাই বলছিল কথাটা।’ — কথাটি কী?
- ১.৯ ‘তালগাছ কেবলই তাদের ডাকে’ — তালগাছ কাদের ডাকে?

### ২. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

(প্রতিটি প্রশ্নের মান - ৩)

- ২.১ ‘সংস্কৃতের দিদিমণি নাম রেখেছেন নদীমাতৃকা।’ — কেন তিনি এমন নাম রেখেছেন?
- ২.২ ‘ভালো তো নয় বাঁকা / সোজা সহজ পথের থেকে।’ — কথাটির তাৎপর্য কী?
- ২.৩ ‘মনু আমার কথা শুনে হেসে ফেলল।’ — কোন্ কথায় মনু হেসেছে?
- ২.৪ ‘গল্প বলব তোমার কোলে এসে।’ — কথক কোন্ গল্প শোনাতে চায়?
- ২.৫ ‘তখন পৃথিবী ছিল অনেক সবুজ, অনেক সুন্দর।’ — সেই সময়ের কথা ‘গাছেরা কেন চলাফেরা করে না’ গল্পে কীভাবে ফুটে উঠেছে?
- ২.৬ ‘একা একা থাকতে নেই’ গল্পে বর্ষার রাতে কী ঘটেছিল?
- ২.৭ ‘আঃ! আজ কী আরাম!’ — ‘আরাম’ কবিতায় শিশুটি ‘আরাম’ বোধ করে কেন?

### ৩. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(প্রতিটি প্রশ্নের মান - ১)

- ৩.১ বাংলা ভাষায় স্বরবর্ণ কী কী?
- ৩.২ ‘দ্বিস্বর’ কাদের বলা হয়?
- ৩.৩ বর্ণবিভ্রাণ করো—
  - ৩.৩.১ আকাঙ্ক্ষা,
  - ৩.৩.২ বিদ্যাসাগর,
  - ৩.৩.৩ স্বাধীনতা
- ৩.৪ নীচের শব্দগুলো কী কী বর্ণ দিয়ে তৈরি?
  - ৩.৪.১ অসাবধানি,
  - ৩.৪.২ বিপর্যস্ত,
  - ৩.৪.৩ অবস্থান,
  - ৩.৪.৪ সমুদ্র।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।